

দাখিল ও এবতেদায়ী বৃত্তি পরীক্ষার প্রবেশপত্র বদল ॥ বহু পরীক্ষার্থী অংশ নিতে পারেনি

জনকণ্ঠ রিপোর্ট ॥ বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের দাখিল ৮ম শ্রেণী এবং এবতেদায়ী ৫ম শ্রেণীর বৃত্তি পরীক্ষার প্রবেশপত্র বদল হয়ে যাওয়ায় বহু শিক্ষার্থী এই পরীক্ষায় অংশ নিতে পারেনি। ৮ম শ্রেণীর বৃত্তি

(১)- পৃষ্ঠা ৫-এর কাঁ দেবুন)

দাখিল ও এবতেদায়ী

(১২-এর পাতার পর)

পরীক্ষার্থীকে ৫ম শ্রেণীর এবং ৫ম শ্রেণীর পরীক্ষার্থীকে ৮ম শ্রেণীর প্রবেশপত্র দেয়ায় যাবতীয় প্রতুতি শেষেও অনেক শিক্ষার্থী ও সৃষ্টিষ্ট মাদ্রাসা কর্তৃপক্ষকে শেষ পর্যন্ত কেন্দ্র থেকে ফিরে যেতে হয়েছে। বিষয়টি শিক্ষার্থী, অভিভাবক ও মাদ্রাসা কর্তৃপক্ষের মধ্যে তীব্র ক্ষোভের সৃষ্টি করেছে।

মঙ্গলবার দেশব্যাপী এই দাখিল ৮ম শ্রেণী এবং এবতেদায়ী ৫ম শ্রেণীর বৃত্তি পরীক্ষা শুরু হয়েছে। দেশের ১৮ হাজার বিভিন্ন ধরনের মাদ্রাসা থেকে বিপুল সংখ্যক শিক্ষার্থী ২৬৬টি কেন্দ্রে বৃত্তি পরীক্ষায় অংশ নেয়। কিন্তু শেষ মুহূর্তে ভুল প্রবেশপত্র পেয়ে এদের একটি বড় অংশ পরীক্ষায় অংশ নিতে পারেনি।

জানা গেছে, কোন মাদ্রাসা থেকে বৃত্তি পরীক্ষায় অংশ নিতে হলে মাদ্রাসা শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রকের অনুমতি নিতে হয়। পরীক্ষা নিয়ন্ত্রকের অনুমতি অনুযায়ী শিক্ষার্থীদের নামে প্রবেশপত্র পাঠানো হয়। এ রকমই 'জামালিয়া ছিদ্দিক মিয়া ফামিল মাদ্রাসা'র ভারপ্রাপ্ত অধ্যক্ষ বান মোহাম্মদ মামুন গত বছরের ২৯ অক্টোবর মোট ৭ শিক্ষার্থীর বৃত্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়ার জন্য পরীক্ষা নিয়ন্ত্রকের কাছে আবেদন করেছিলেন। এর মধ্যে দাখিল ৮ম শ্রেণীতে পাঁচজন এবং ৫ম শ্রেণীতে দু'জন। ৮ম শ্রেণীর বৃত্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য ছিল আমিনুল ইসলাম, আফাজউদ্দিন, ফাইজুল্লাহ, আলামিন ও আবুল হোসেন। ৫ম শ্রেণীর দু'জন হলো মোঃ আলমগীর ও মোঃ সেলিম। কিন্তু ৮ম শ্রেণীর পাঁচ পরীক্ষার্থীকে দেয়া হয়েছে ৫ম শ্রেণীর প্রবেশপত্র এবং ৫ম শ্রেণীর দু'জনকে দেয়া হয়েছে ৮ম শ্রেণীর প্রবেশপত্র। এই প্রবেশপত্র বিভ্রাটের কারণে এরা কেউ পরীক্ষা দিতে পারেনি। ভারপ্রাপ্ত অধ্যক্ষ বান মোহাম্মদ মামুন এই প্রতিবেদককে জানান, শেষ মুহূর্তে এই প্রবেশপত্র পাওয়ায় ঠিক করার সুযোগ ছিল না। তিনি বলেন, কোমলমতি শিক্ষার্থীদের নিয়ে এই ভুল দুর্ভাগ্যজনক। এ ব্যাপারে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের রেজিস্ট্রার শহীদ মোস্তফার সঙ্গে যোগাযোগ করলে তিনি বলেন, অনেক পরীক্ষার্থী হওয়ায় ভুল হতে পারে। তবে এটি সংশোধনেরও সুযোগ রয়েছে।